**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রকের দপ্তর
ইনভেন্টরি কন্ট্রোল শাখা
বাংলাদেশ রেলওয়ে
পাহাড়তলী, চট্টগ্রাম-৪২০২।
www.railway.gov.bd

আরপিও নং ২৫০

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ / ০১ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ।

**বিষয়: ডিজেল যন্ত্রাংশের সারপ্লাস/ অপ্রচলিত আইটেম নিষ্পত্তি সংক্রান্ত সার্ভে কমিটি গঠন, প্রক্রিয়াকরণ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রসিডিউর অর্ডার (আরপিও)।**

বাংলাদেশ রেলওয়ের সরঞ্জাম ব্যবস্থাপনার অংশ হিসেবে স্ক্র্যাপ ও সারপ্লাস নিষ্পত্তির কার্যক্রম সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব ও পশ্চিম) কর্তৃক Bangladesh Railway Code for the Stores Department (স্টোরস কোড) এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট অঞ্চলের মহাব্যবস্থাপকের অনুমোদনক্রমে সম্পাদন করা হয়ে থাকে। ডিজেল যন্ত্রাংশের মজুদী ডিপোসমূহ প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক তথা কেন্দ্রীয় অঞ্চলের নিয়ন্ত্রণাধীন। এ সকল ডিপোর সারপ্লাস/ অপচলিত আইটেম নিষ্পত্তির জন্য সার্ভে কমিটি গঠন, সার্ভে কমিটির প্রতিবেদন অনুমোদনের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) না মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) এ বিষয়ে অস্পষ্টতা দেখা দেওয়ায় ডিজেল যন্ত্রাংশের সারপ্লাস নিষ্পত্তি কার্যক্রম অসম্পন্ন থেকে যাচ্ছে। এই অসুবিধা দূরীকরণের জন্য নিম্নরূপ রিভাইজড প্রসিডিউর অর্ডার (আরপিও) জারী করা হলো।

২। ডিজেল যন্ত্রাংশের সারপ্লাস/ অপ্রচলিত আইটেম নিষ্পত্তি কার্যক্রম নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

(ক) ডিজেল যন্ত্রাংশের মজুদী ডিপোসমূহ প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক তথা কেন্দ্রীয় অঞ্চলের নিয়ন্ত্রণাধীন হওয়ায় এ সকল ডিপোর সারপ্লাস/অপচলিত আইটেম নিষ্পত্তির জন্য সার্ভে কমিটি গঠন, সার্ভে কমিটির প্রতিবেদন অনুমোদনের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক)। তিনি স্টোরস কোডের অনুচ্ছেদ ২২২৫ অনুযায়ী সার্ভে কমিটি গঠন এবং অনুচ্ছেদ ২২২৮ অনুযায়ী সার্ভে কমিটির প্রতিবেদন অনুমোদন বা অন্য কোন চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।

(খ) সার্ভে কমিটির রিপোর্ট প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক ও ভোক্তা বিভাগীয় প্রধান হিসেবে যুগ্ম মহাপরিচালক (লোকো) এর মতামতসহ অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) এর সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে।

(গ) সার্ভে কমিটির রিপোর্টের ওপর **'সার্ভে সিটভুক্ত কোন আইটেম/আইটেমসমূহ বাংলাদেশ রেলওয়েতে ভবিষ্যতে লোকোমোটিভ মেরামত ও সংরক্ষণ কাজে ব্যবহৃত হবে না এবং বিক্রয়ের মাধ্যমে চূড়ান্ত নিষ্পত্তি করা যেতে পারে'** মর্মে সংশ্লিষ্ট ভোক্তা বিভাগীয় প্রধান (যুগ্ম মহাপরিচালক-লোকো) কর্তৃক মতামত প্রদান করা হলে তা অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) এর সদয় বিবেচনার জন্য প্রেরণ করতে হবে। বিক্রয়ের মাধ্যমে চূড়ান্ত নিষ্পত্তির বিষয়টি অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) কর্তৃক সদয় অনুমোদিত হলে বিক্রয়ের জন্য অনুমোদিত মালামাল চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত জেনারেল স্টোরস ডিপো (স্ক্র্যাপ শাখা), সৈয়দপুর/পাহাড়তলীতে ন্যস্ত করতে হবে। সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব/পশ্চিম) সংশ্লিষ্ট অঞ্চলের মহাব্যবস্থাপকের অনুমোদনক্রমে স্টোরস কোডের সংস্থান অনুযায়ী বিক্রয় দরপত্র আহবানের মাধ্যমে প্রতিযোগিতামূলক মূল্যে বিক্রয়াদেশ জারী/বিক্রয় চুক্তি স্থাপন ও চূড়ান্ত নিষ্পত্তি করবেন।

(ঘ) জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক (ডিপো), সৈয়দপুর/পাহাড়তলী বিক্রয়াদেশের বিপরীতে সরবরাহ সম্পাদনান্তে সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব/পশ্চিম) ও যুগ্ম মহাপরিচালক (লোকো) বরাবরে সমাপনী প্রতিবেদন দাখিল করবেন।

৩। এতে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে এবং এটি জারীর তারিখ হতে কার্যকর হবে।


(স্বাক্ষরিত) ০১/০৬/২৩
**(ফরিদ আহমেদ)**
প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক
☎ ০১৭১১-৫০৬১৪৪
ccspht@railway.gov.bd


সিএসটিই (টেলিকম) এর দপ্তর
অতিঃ সিএসটিই (টেলিকম)
ডিএসটিই (টেলিকম) স্টাফ
ডিডি (টেলিকম)
ডিডি (সিগঃ), এডি (আইটি)
এস.এসএই/হার্ডওয়্যার, জেনারেল
ডাইরী নং ৩৪৬ তারিখঃ ২৪/৭/২৩

নং ৫৪.০১.১৫৪৩.৪৬৭.২২.০০১.২২ -০১

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

বিতরণঃ অবগতি ও অধীন দপ্তরসমূহকে অবহিত করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্ম মহাপরিচালক (লোকো/মেক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। প্রধান যান্ত্রিক প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
৪। সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
৫। পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম।
৬। পরিচালক (সংগ্রহ/লোকো মেইন্ট/যান্ত্রিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭। বিভাগীয় তত্ত্বাবধায়ক (কারখানা), বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী/সৈয়দপুর।
৮। প্রধান নির্বাহী (কেলোকা), বাংলাদেশ রেলওয়ে, পার্বতীপুর।
৯। জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক (সার্বিক/ডিপো/পরিদর্শন/শিপিং/ক্রয়-১/ক্রয়-২), পাহাড়তলী/সৈয়দপুর।
১০। কর্ম-ব্যবস্থাপক (ডিজেল), পাহাড়তলী/ ঢাকা/ পার্বতীপুর।
১১। বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (লোকো), চট্টগ্রাম/ঢাকা/পাকশী/লালমনিরহাট।
১২। সিনিয়র সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক (প্রিন্টিং/ডিপো/ কেলোকা/ ডিজেল/ শিপিং), পাহাড়তলী/ ঢাকা/ পার্বতীপুর/ সৈয়দপুর।
১৩। সিনিয়র সহকারী পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল/সংগ্রহ), সিআরবি, চট্টগ্রাম/ রেলভবন, ঢাকা।
১৪। সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক (সদর/ডিপো/পরিদর্শন/ক্রয়-১/ক্রয়-২/ক্রয়-৩/শিপিং),পাহাড়তলী/ ঢাকা/ পার্বতীপুর/ সৈয়দপুর।
১৫। প্রশিক্ষণ কর্মকর্তা/ সিনিয়র ইন্সট্রাক্টর (সরঞ্জাম), বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমি, হালিশহর, চট্টগ্রাম।
১৬। এএও (পি ও জি), এই দপ্তর।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতি:মহাপরিচালক (উন্নয়ন/অবকাঠামো/রোলিং স্টক/ অপারেশন/ এমএন্ডসিপি/ অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী।
৪। রেক্টর, বাংলাদেশ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমি, হালিশহর, চট্টগ্রাম।
৫। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), রেলভবন, ঢাকা-কে আরপিও-টি রেলওয়ের ওয়েবসাইটে **'ইনভেন্টরি এন্ড প্রকিউরমেন্ট পলিসি'** ট্যাবে আপলোড এবং স্থায়ীভবে সংরক্ষণের অনুরোধসহ সফটকপি ই-মেইলে প্রেরণ করা হলো।

**(ফরিদ আহমেদ)**
প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক
☎ ০১৭১১-৫০৬১৪৪
ccspht@railway.gov.bd

ছকঃ B.R.S 104 (Diesel)/2023

# বাংলাদেশ রেলওয়ে

----------------------------------------ডিপো

পাহাড়তলী/ঢাকা/পার্বতীপুর

## সার্ভেশীট

নং----------------------------------------------------------------------------------------------------- তারিখঃ---------/---------/----------------

সার্ভে কমিটি গঠনের আদেশ নং ------------------------------------------------------------- তারিখঃ---------/---------/---------------

**আরপিও নং ২৫০ তারিখঃ ০১ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ এর আলোকে উপরিউক্ত আদেশ দ্বারা গঠিত সার্ভে কমিটির প্রতিবেদন**

**মালামালের অবস্থানঃ**............................................... ভোক্তাবিভাগের নামঃ .............

| ক্রম | মালামালের শ্রেণি | মালামালের বিবরণ (নাম, বিআর আইটেমনং, পার্ট নং ইত্যাদি) | পরিমাণ | পরিমাপের একক | ওজন (আনুমানিক) | বুক ভ্যালু | স্ক্র্যাপ ভ্যালু | ভোক্তা বিভাগ কর্তৃক ব্যবহারের বিষয়ে মতামত (পত্র নং ও তারিখ) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| বিঃদ্রঃ ভোক্তা বিভাগ কর্তৃক প্রেরিত এডভাইজ নোটের কপিসহ তালিকা এবং সংশ্লিষ্ট পত্রের কপি সংযুক্ত করতে হবে। | | | | | | | | |

সার্ভে কমিটির পর্যালোচনা, মতামত ও সুপারিশঃ

| | | |
|---|---|---|
| | | |
| সদস্য-সচিব, সার্ভে কমিটি | সদস্য, সার্ভে কমিটি | সদস্য, সার্ভে কমিটি |

| প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রকের মতামত/সুপারিশঃ | যুগ্ম মহাপরিচালক (লোকো) এর মতামত/সুপারিশঃ |
|---|---|
| | |

**অনুমোদনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তঃ**

অতিরিক্ত মহাপরিচালক (আরএস)

সার্ভে কমিটি সুপরিশের বিষয়ে ভোক্তাবিভাগীয় প্রধানের মতামতের ভিত্তিতে সার্ভেশীটভুক্ত মালামাল বিক্রয়ের মাধ্যমে চূড়ান্ত নিষ্পত্তির বিষয়টি আরপিও ২৫০ তারিখঃ ০১ জুন ২০২৩ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হওয়ায় বিক্রয় দরপত্র আহবানের সদয় অনুমোদন প্রদান করা যেতে পারে।

**সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব/পশ্চিম)** **মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম)**